

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৪৮৯

আগরতলা, ৬ জানুয়ারি, ২০২৪

জেআরবিটিতে ১৯ জনকে এলডিসি পদে নিযুক্তি
উন্নয়ন কর্মসূচি রূপায়ণের মধ্য দিয়ে সরকার জনগণের
আস্থা ও বিশ্বাস অর্জন করতে চায় : অর্থমন্ত্রী



সরকারি বিভিন্ন জনমুখী প্রকল্প ও সুবিধাসমূহ জনগণের কাছে পৌছে দেওয়া সরকারের অন্যতম লক্ষ্য। উন্নয়ন কর্মসূচি রূপায়ণের মধ্য দিয়ে সরকার জনগণের আস্থা ও বিশ্বাস অর্জন করতে চায়। রাজ্যের সার্বিক বিকাশ ও জনকল্যাণে সরকার বিভিন্ন পদক্ষেপ নিয়েছে। আজ সচিবালয়ের ২নং সভাকক্ষে এক অনুষ্ঠানে 'জেআরবিটি'র মাধ্যমে পরিকল্পনা ও সমন্বয় দপ্তর এবং অর্থদপ্তরের অধীন অডিট ডাইরেক্টরেট ও ট্যাক্সেস অর্গানাইজেশনে অফার প্রদান অনুষ্ঠানে অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় একথা বলেন। অনুষ্ঠানে অর্থমন্ত্রী ১৯টি এল ডি সি পদে নির্বাচিত চাকরি প্রাপকদের হাতে অফার তুলে দেন। উল্লেখ্য, অফার প্রাপকদের মধ্যে ১৪ জনকে পরিকল্পনা ও সমন্বয় দপ্তরে, ৪ জনকে অডিট ডাইরেক্টরেটে এবং ১ জনকে ট্যাক্সেস অর্গানাইজেশনে নিযুক্তি দেওয়া হবে।

অনুষ্ঠানে অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় বলেন, রাজ্য সুশাসন প্রতিষ্ঠায় সরকার বদ্ধপরিকর। সরকারি কাজে গতি আনতে প্রযুক্তি ব্যবহারে সরকার সর্বাধিক গুরুত্ব দিয়েছে। এখন সরকারের বিভিন্ন কাজকর্ম কাগজ বিহীন করা হয়েছে। ই-অফিস ব্যবস্থাপনা চালু করা হয়েছে। অনুষ্ঠানে অর্থমন্ত্রী অফার প্রাপকদের উদ্দেশ্যে বলেন, সরকার রাজ্যের উন্নয়নে সচেষ্ট। জনগণের কল্যাণ বর্তমান সরকারের অগ্রাধিকারের ক্ষেত্র। তাই সরকারি কাজকর্ম যাতে দুট তরান্বিত হয় সেইদিকে অফার প্রাপকদের গুরুত্ব দিয়ে কাজ করতে হবে। তিনি বলেন, বর্তমান রাজ্য সরকার স্বচ্ছতার সাথে কাজ করছে। যোগ্যতার নিরিখেই চাকরি প্রাপকরা চাকরি পেয়েছেন। তিনি অফার প্রাপকদের আন্তরিক শুভেচ্ছা জানিয়ে তাদের উজ্জ্বল ভবিষ্যৎ কামনা করেন। অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন পরিকল্পনা ও সমন্বয় দপ্তরের সচিব কিরণ গিত্তে এবং অর্থ দপ্তরের সচিব অপূর্ব রায়।
